নারায়ণগঞ্জে মাদ্রাসায় আগুন, ধোঁয়ায় অসুস্থ ৬৩ শিক্ষার্থী



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের ফতুল্লায় একটি মাদ্রাসায় অগ্নিকাণ্ডের ঘটনায় ধোঁয়ায় অসুস্থ হয়ে ৬৩ শিক্ষার্থী হাসপাতালে ভর্তি হয়েছে। তাদের মধ্যে চারজনের শ্বাসনালি ক্ষতিগ্রস্ত হওয়ায় অবস্থা আশঙ্কাজনক। তাদের আইসিইউতে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

সোমবার (৯ নভেম্বর) দিবাগত রাতে ফতুল্লার জামিয়াতুল আশরাফিয়া মাদ্রাসায় এ আগুন লাগে। বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের জরুরি বিভাগের আবাসিক চিকিৎসক ডা. সুলতান মাহমুদ শিকদার জানান, আগুন লাগার পর ভবনের বিভিন্ন অংশে দ্রুত ধোঁয়া ছড়িয়ে পড়ে। এ সময় শিক্ষার্থীরা বের হওয়ার চেষ্টা করলে অনেকে ধোঁয়ায় শ্বাসকষ্টে আক্রান্ত হয়। পরে অসুস্থ ৬৩ শিক্ষার্থীকে উদ্ধার করে হাসপাতালে আনা হয়।

তিনি জানান, আশঙ্কাজনক অবস্থায় আইসিইউতে থাকা চার শিক্ষার্থীর মধ্যে ইউসুফ (১৮), খাইরুল (২২) ও জোবায়ের (১৮) রয়েছেন। চতুর্থ শিক্ষার্থীর পরিচয় জানা যায়নি। তাদের শ্বাসনালি ক্ষতিগ্রস্ত হয়েছে। একজনকে কৃত্রিম শ্বাস-প্রশ্বাসের সহায়তা দিতে ভেন্টিলেটরে রাখা হয়েছে। চিকিৎসকদের একটি দল তাদের সার্বক্ষণিক পর্যবেক্ষণে রেখেছে।

নারায়ণগঞ্জ ফায়ার সার্ভিসের উপসহকারী পরিচালক আব্দুল্লাহ আল আরেফিন জানান, খবর পেয়ে কাঁচপুর ও শিবু মার্কেট ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট ঘটনাস্থলে যায়। প্রায় আধঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনা হয়।

পাঁচতলা মাদ্রাসা ভবনের দ্বিতীয় তলায় থাকা লাইব্রেরি ও অফিসকক্ষে আগুন লাগে বলে প্রাথমিকভাবে ধারণা করছে ফায়ার সার্ভিস। এতে প্রায় ১৫ লাখ টাকার মালামাল পুড়ে গেছে।